

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৬৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি কিসের মাধ্যমে সালাত শুরু করবে তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ مَا يَفْتَتِحُ بِهِ الْمَرْءُ صَلَاتَهُ

আরবী

1765 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا حُسَيْنٌ الْمُغَلِّمُ عَنْ بُدَيْلِ بْنِ مَيْسَرَةَ عَنْ أَبِي الْجَوْزَاءِ عَنْ عَائِشَةَ: قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْتَتِحُ الصَّلَاةَ بِالتَّكْبِيرِ عَنْ عَائِشَةَ: قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْتَتِحُ الصَّلَاةَ بِالتَّكْبِيرِ وَالْقِرَاءَة بِ {الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ} [الفاتحة: 1] وَكَانَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا رَكَعَ لَمْ يَشْخُص بَصِرَهُ وَلَمْ يُصَوِّبْهُ وَلَكِنْ بَيْنَ ذَلِكَ فَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ لَمْ يَسْجُدُ حَتَّى يَسْتَوِيَ قَائِمًا وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ السُّجُودِ لَمْ يَسْجُدْ حَتَّى يَسْتَوِيَ جَالِسًا وَكَانَ عَثِي يَسْتَوِيَ عَائِمًا وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ السُّجُودِ لَمْ يَسْجُدْ حَتَّى يَسْتَوِيَ جَالِسًا وَكَانَ يُوتِرُ رِجْلَهُ الْيُسْرَى وَيَنْصِبُ رِجْلَهُ الْيُمْنَى وَكَانَ يَقُولُ بَيْنَ كُلِّ رَكْعَتَيْنِ التَّحِيَّةَ وَكَانَ يَثْهَى عَنْ عَقِبِ الشَّيْطَانِ وَكَانَ يَنْهَى أَنْ يَفْرِشَ أَحَدُنَا ذِرَاعَيْهِ اَفْتِرَاشَ السَّبُعِ وَكَانَ يَخْتِمُ المَسْلِيمِ وَكَانَ يَنْهَى أَنْ يَفْرِشَ أَحَدُنَا ذِرَاعَيْهِ اَفْتِرَاشَ السَّبُعِ وَكَانَ يَخْتِمُ المَسْلِيم

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1765 ا خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((صحيح أبي داود)) (752)، ((الإرواء)) (316)

বাংলা

১৭৬৫. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকবীরের মাধ্যমে সালাত আর الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ তথা সূরা ফাতিহার মাধ্যমে কিরা'আত শুরু করতেন। তিনি যখন রুকু' করতেন, তখন তাঁর দৃষ্টিকে উঁচু করতেন না আবার নিচুও করতেন না বরং মাঝামাঝি রাখতেন। যখন তিনি রুকু' থেকে মাথা উঠাতেন তখন তিনি সাজদা করতেন না, যতক্ষন না তিনি সোজা হয়ে দাঁড়িয়েছেন। যখন তিনি



সাজদা থেকে মাথা উঠাতেন, তখন তিনি পুনরায় সাজদা করতেন না যতক্ষন না সোজা হয়ে বসেছেন। তিনি বসার ক্ষেত্রে বাম পাকে ধনুকের ন্যায় ভাঁজ করতেন আর ডান পাকে স্থাপন করে রাখতেন। আর তিনি প্রত্যেক দুই রাকা'আতের মাঝে তাশাহ্ছদ বলতেন। তিনি শয়তানের ন্যায় বসতে নিষেধ করতেন। তিনি আরো নিষেধ করতেন হিংস্র প্রাণীর মতো সাজদার সময় দুই হাত বিছিয়ে দিতে। অবশেষে তিনি সালামের মাধ্যমে সালাত শেষ করতেন।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪১০; ইবনু মাজাহ: ৮১২; সুনান বাইহাকী: ২/১৫; মুসনাদ আহমাদ: ৬/৩১; সহীহ মুসলিম: ৪৯৮; আবূ দাউদ: ৭৮৩; আত তায়ালিসী: ১৫৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন